আজকের কাগজ

তারিখ 07 DEC 1994
পৃষ্ঠা ১২ কলাম ৪

০৭

# ১৯৯৪ সালের কুমিল্লা বোর্ড ঘোষিত ফলাফলে মারাত্মক ভুলের অভিযোগ

১৯৯৪ সালের কুমিল্লা বোর্ড ঘোষিত এসএসসি পরীক্ষার ফলাফল ঘোষণায় মারাত্মক ভুলের অভিযোগ এনেছে বিএম রাশেদুল ইসলাম রাসেল নামের এক ছাত্র। সে চাঁদপুর আল-আমিন একাডেমির একজন মেধাবী ছাত্র এবং তার রোল নং- ৫৮৩৫০৫। সে গড়-নম্বর ৭৮ পেলেও অংকে পেয়েছে মাত্র ৪৯ নম্বর। অথচ সে দাবি করে যে সে অংকে কমপক্ষে ৯০ পাবে।

এ ব্যাপারে সে নিশ্চিত। রাসেল এ ব্যাপারটি চ্যালেঞ্জ করে বোর্ডের নিয়ম অনুযায়ী অংক পরীক্ষার খাতা পুনরায় পরীক্ষণের আবেদন জানায়। নিয়মানুযায়ী ১৫ দিনের মধ্যে জবাব দেয়ার কথা থাকলেও দুই মাসেও সে কোন সাড়া পায়নি।

এ ব্যাপারটি শিক্ষামন্ত্রী অবহিত হয়ে বোর্ডের চেয়ারম্যানকে ব্যাপারটি দেখার কথা বলেন।

কিন্তু চেয়ারম্যান মন্ত্রীর নির্দেশকে আমল দেয়নি। এই দীর্ঘসূত্রিতার কারণে সংশ্লিষ্ট ছাত্র সন্দেহ করছে তার পরীক্ষার খাতায় কোন অদল-বদল ঘটতে পারে। খবর ইউএনবি।